



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৫.০০১.১৮.৭১

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে 'সেবা প্রদান প্রতিশ্রুতি'
বিষয়ক ১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রতিবেদন প্রেরণ।
সূত্র: সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ -এর কার্যক্রম ২.১ অনুযায়ী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ -এর কার্যক্রম ২.১ অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক প্রশিক্ষণের প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক ১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণ প্রতিবেদন।

সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৮-৩-২০২২

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: md@pmeat.gov.bd

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৫.০০১.১৮.৭১/১(৩)

তারিখ: ১৪ চৈত্র ১৪২৮

২৮ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২৮-৩-২০২২

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

দপ্তর: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক ১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রতিবেদন।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রণীত প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২২ -এর কার্যক্রম ২.১ অনুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক প্রতি কোয়ার্টারে প্রশিক্ষণ আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এর পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ১৪ মার্চ ২০২২ তারিখ সোমবারে 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণ উদ্বোধন করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) বেগম নাসরীন আফরোজ।

২। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ে আয়োজিত উক্ত প্রশিক্ষণে ট্রাস্টের ১৬ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। ট্রাস্টের সম্মেলন কক্ষে সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে অনুষ্ঠিত উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে ট্রাস্টের পরিচালক (যুগ্ম সচিব) কাজী দেলোয়ার হোসেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসন ও সংস্থাপন অধিশাখার যুগ্ম সচিব জনাব মো: নজরুল ইসলাম এবং ট্রাস্টের উপপরিচালক (উপসচিব) জনাব জাম্মাতুল ফেরদৌস।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে 'সেবা প্রদান প্রতিশ্রুতি' বিষয়ক ১৪ মার্চ ২০২২ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণের স্থিরচিত্র-

